

বিভিন্ন বিষয় ও উদ্দেশ্যে সম্মাননা প্রদান

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেডের ৩৭তম বার্ষিক সাধারণ সভায় (২৫ নভেম্বর রোজ শুক্রবারে অনুষ্ঠিত) সমিতিতে বিশেষ অবদান ও অর্জনের জন্য বিভিন্ন বিশিষ্ট ব্যক্তিবর্গকে ক্রেস্ট প্রদান করা হয়।

মরনোত্তর সম্মাননা

সমবায় অঙ্গন বিশেষ অবদান ও সমবায়ের উন্নয়নের জন্য বিশেষ ভূমিকা পালনের জন্য মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেডের প্রাক্তন চেয়ারম্যান প্রয়াত আগষ্টিন ছেড়াও এবং প্রয়াত বেঞ্জামিন ডি' ক্রুশকে মরনোত্তর সম্মাননা প্রদান করা হয়।

শ্রেষ্ঠ সমবায়ী

সমবায় অঙ্গনে বিশেষ অবদান ও ভূমিকা পালনের জন্য মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেডের সদস্য মিস বেনেডিক্টা গমেজ (বেনাদি দিদি) এবং প্রাক্তন চেয়ারম্যান মিঃ খ্রিষ্টফার দেশাইকে শ্রেষ্ঠ সমবায়ী হিসাবে সম্মাননা প্রদান করা হয়।

সর্বোচ্চ শেয়ার আমানতকারী

সমিতিতে সর্বোচ্চ পরিমাণ শেয়ার জমা থাকায় মিঃ বিন্দু সুমন রোজারিওকে সর্বোচ্চ শেয়ার আমানতকারীর সম্মাননা প্রদান করা হয়।

স্মৃতি স্মারক প্রদান

সমবায় ক্ষেত্রে ও সমিতিতে কাজ করার অভিজ্ঞতাকে চিরস্মরণীয় করে রাখার জন্য তৎকালীন বোর্ড কর্মকর্তা, ঋণদান পরিষদ ও পর্যবেক্ষণ পরিষদকে স্মৃতি স্মারক হিসাবে ক্রেস্ট প্রদান করা হয়।

অফিস কর্মকর্তা ও কর্মীদের সম্মাননা ও সার্কিফিকেট প্রদান

যাদের যত্ন, ভালবাসা আর সাহচর্যে মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড দিনের পর দিন বেড়ে উঠছে, যাদের ছোঁয়ায় সমিতি আজ সম্পদশালী ও বলবান, দীর্ঘ সময় ধরে যারা সমিতিতে শ্রম দিয়ে যাচ্ছেন, তাদের সম্মাননা ও সার্কিফিকেট প্রদান করা হয়। সম্মাননা ও সার্কিফিকেট প্রাপ্ত কর্মকর্তা ও কর্মীগণ হলেন মিঃ নিকোলাস রোজারিও, এক নাগারে ১৮ বছর যাবৎ সেবা দান করে যাচ্ছেন, মিসেস: নরিন ম্যাগডেলীন কস্তা, এক নাগারে ১২ বছর যাবৎ সেবা দান করেছেন, মিঃ অসীত গমেজ, এক নাগারে ৬ বছর যাবৎ সেবা দান করে যাচ্ছেন, মিঃ বিপ্লব পেরেরা, এক নাগারে ১০ বছর যাবৎ সেবা দান করে যাচ্ছেন, মিসেস: রোজী রোজারিও, এক নাগারে ৫ বছর যাবৎ সেবা দান করে যাচ্ছেন এবং মিঃ তরুণ ক্রুশ, এক নাগারে ১২ বছর যাবৎ সেবা দান করে যাচ্ছেন।

এক নজরে সমিতি

স্থাপিতঃ ২ জুন ১৯৬২ খ্রিস্টাব্দ।

সমিতির রেজিস্ট্রেশনঃ ১৯৮৪ খ্রিস্টাব্দের ১১/৮/১৯৮৪ তারিখে সমিতি রেজিস্ট্রেশন পেয়েছে যার নম্বর ২৪/৮৪। পরবর্তীতে ৬ জুলাই ১৯৯৬ খ্রিস্টাব্দে সংশোধিত নিবন্ধন গ্রহন করা হয় যার নং-১১/৯৬। ২৮ ফেব্রুয়ারী ২০১১ তারিখে নতুন ভাবে নিবন্ধন গ্রহণ করেন যার নম্বর ৮/২০১১ এবং মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: নাম ধারণ করে তার কার্যক্রম পরিচালনা করছে।

প্রতিষ্ঠাতাঃ প্রয়াত ফাদার চার্লস জে ইয়াং সিএসসি।

প্রতিষ্ঠাকালীন সদস্য সংখ্যাঃ সমিতির প্রতিষ্ঠাকালীন সদস্য ছিল ৩০ জন।

প্রথম কার্যকরী পরিষদঃ ১৯৬৩ খ্রিস্টাব্দে এই সমিতির প্রথম কার্যকরী পরিষদ গঠিত হয়।

প্রথম বার্ষিক সাধারণঃ ১৬৬৪ খ্রিস্টাব্দে এই সমিতির প্রথম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সমিতির প্রথম বার্ষিক সাধারণ সভায় প্রয়াত ফাদার জে. ম্যাকগার্ভি সিএসসি বলেন, এ সমিতি এখনও শিশু তাকে যৌবনে নিয়ে যেতে হবে।

রজত জয়ন্তির পরিবর্তে জুবিলী হাউজঃ ১৯৮৭ সালে অক্টোবর মাসে সমিতির ২৫ বছরের রজত জয়ন্তী পালনের পরিবর্তে ৩১ আগষ্ট ১৯৯১ তারিখে জুবিলী হাউস উদ্বোধন কার হয়, যা বর্তমানে সমিতির কার্যালয় হিসাবে ব্যবহৃত হচ্ছে।